

# অনেক বাড়ের পর ফিরলেন জলি

মাসুম আওয়াল

**অ**নিশ্চিত এই জীবনে কখন কোন ঘটনা ঘটে তার কোনো ঠিক নেই। মানুষ একরকম ভাবে, হয় অন্যরকম। কখন কোন বড় এসে জীবন এলোমেলো করে যায় আমরা কেউ তা জানি না। পর্দার আড়ালে থেকে যায় অনেক গল্প। প্রায় সাত বছর আগের কথা। ২০১৬ সালে জাজ মাল্টিমিডিয়ার প্রযোজনায় ‘অঙ্গর’ সিনেমার মাধ্যমে ঢাকাই সিনেমার জগতে পা রাখের চিনায়িকা জলি। প্রথম সিনেমাতেই নায়িকা হিসেবে পরিচিতি পান তিনি। তার চলচ্চিত্র ক্যারিয়ারের পালা হাওয়া লাগে। একে একে আরও কয়েকটি সিনেমাতে অভিনয়ের সুযোগ পান। ‘নিয়তি’, ‘মেয়েটি

এখন কোথায় যাবে’সহ বেশ কয়েকটি চলচ্চিত্রে অভিনয় করেন। সবগুলোতেই মোটামুটি চলচ্চিত্র সমালোচক, পরিচালক ও দর্শকদের নজর কাঢ়তে সক্ষম হন।

সময় ভালোই যাচ্ছিল জলির। তার অভিনীত চলচ্চিত্র ‘নিয়তি’ তাকে বেশ এগিয়ে দিয়েছিল। কিন্তু বাস্তব জীবনের নিয়তি তার অনুকূল ছিল না। তার জীবনের উপর দিয়ে বয়ে গেল অনেক বড় বড়। হঠাত করেই মারা যান তার বাবা ও ভাই। অভিনয় থেকে আড়ালে চলে যান জলি। অভিনয়ে নয়, সময় দিতে শুরু করেন নিজেকে ও পরিবারকে। এর মধ্যে বিয়েও সেরে ফেলেন। বিয়ের পরে পুরোপুরি সংসারে মনযোগী হন। কন্যা সন্তানের মা হন। স্বামী, সন্তান পরিবার নিয়েই খুশি থাকতে চান নায়িকা।

আড়ালে থাকতে চাইলেই কী থাকা যায়! অনেকেই খোঁজ করেন তার। সর্বশেষ সেই চার বছর আগে লাইট ক্যামেরার সামনে দাঁড়িয়েছিলেন জলি। শেষ শুটিং করেছিলেন ২০১৯ সালের অন্তেবরে। তারপর থেকে নানা কারণে চলচ্চিত্র থেকে দূরে এই অভিনেত্রী। জলি সবাই যখন ভাবছেন আর ফিরবেন কী ফিরবেন না, তখন নতুন চমক নিয়ে হাজির জলি। জানা গেল অবশ্যে আবারও ফিরছেন ‘অঙ্গর’ সিনেমার এই নায়িকা। পদ্মাৰ্বতী হয়ে ফিরছেন জলি। সম্প্রতি এই নামের একটি সিনেমায়

চূড়িবদ্ধ হয়েছেন। জানালেন, ‘পদ্মাৰ্বতী’ সিনেমাটি পরিচালনা করবেন ধীমন বড়ুয়া। দীর্ঘদিন চলচ্চিত্র প্রযোজনার সঙ্গে জড়িত থাকলেও এই সিনেমার মাধ্যমে তার পরিচালক হিসেবে আত্মপ্রকাশ হচ্ছে। আন্তর্জাতিক পরিবেশনা ও প্রযোজনা প্রতিষ্ঠান সিনেমা কিং-এর ব্যানারে সিনেমাটি প্রযোজনা করবেন মনজুরুল ইসলাম মেষ। পাশাপাশি এর কাহিনী, সংলাপ, চিত্রনাট্যও রচনা করেছেন তিনি। সিনেমাটির নির্বাহী প্রযোজক হিসেবে আছেন কাজী সাইমুল হক।

চার বছর পর চলচ্চিত্রে ফেরা প্রসঙ্গে জলি বলেন, সর্বশেষ চার বছর আগে কাজ করেছিলাম ‘ডেঞ্জার জোন’ সিনেমায়। এর গানগুলো প্রকাশ পেলেও সিনেমাটি মুক্তি পায়নি। বিরতির পর আবারও ‘পদ্মাৰ্বতী’তে কাজ শুরু করতে যাচ্ছি। সিনেমার গল্প অসাধারণ। আশা করছি, ভালো একটি সিনেমা উপহার পাবেন দর্শক। অভিনয়ে বিরতি প্রসঙ্গে জলি বলেন, ‘সংসাৰ নিয়ে এতদিন ব্যস্ততা ছিল। আমাৰ সন্তান ছোট থাকায় সিনেমায় সময় দিতে পারছিলাম না। এখন আমাৰ সন্তানের বয়স তিন বছর। তাকে বাসায় রেখে শুটিংয়ে বের হওয়া সম্ভব হচ্ছে। ভালো গল্প ও চরিত্র পেলে এখন থেকে নিয়মিত অভিনয় করব।’

প্রযোজক মনজুরুল ইসলাম মেষের কাছে নতুন সিনেমা ও নায়িকা প্রসঙ্গে জানতে চাইলে তিনি বলেন, ‘সিনেমা কিং’ এতদিন আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের পরিবেশক এবং উৎসব আয়োজক হিসেবে কাজ করলেও এখন থেকে নিয়মিত সিনেমা প্রযোজনা করবে। ভালো মানসমত গল্পের সিনেমা প্রযোজনা ও আন্তর্জাতিক পরিবেশনার জন্য বাংলা ভাষার পাশাপাশি অন্যান্য ভাষার সিনেমা নিয়েও কাজ করছে সিনেমা কিং। জানা গেছে, নদীমাত্রক বাংলাদেশের সংস্কৃতি ও জনগণের জীবনের গল্প নিয়ে নির্মিত হবে ‘পদ্মাৰ্বতী’। জলি ছাড়াও এতে আরও অভিনয় করবেন নবাগত মন্দির মাঝী, মডেল নাদিয়া ও নাদের খান। সিনেমাৰ জলিৰ বিপরীতে কে অভিনয় করবেন, তা এখনো চূড়ান্ত হ্যানি। শিগগিরই শুরু হবে এর দৃশ্যধারণ।

২০১৯ সালের মে মাসে ভৈরবের ছেলে আরাফাত রহমানের সঙ্গে বাগদান হয় জলিৰ। এর কয়েক মাস না যোতে তাদের সেই বাগদানে ভাঙ্গনের সুর আসে। গণমাধ্যমে জলি জানিয়েছিলেন, তারা আলদা হয়ে গেছেন। এরপরই আড়ালে চলে যান নায়িকা। সে সময়ই আরাফাতকে গোপনে বিয়ে করেন। ২০২০ সালের ১৭ জুলাই করোনার ভেতরে জলিৰ কোলজুড়ে আসে কল্যাসন্তান। এখন তাদের নিয়ে সুন্ধের সংসার জলিৰ। বর্তমানে মুক্তির অপেক্ষায় জলিৰ ‘ডেঞ্জার জোন’ ও ‘অফিসার রিটার্ন’ নামে দুটি সিনেমা। যেগুলোর কাজ তিনি আড়ালে যাওয়ার আগেই শেষ করেছিলেন। এর মধ্যে ‘ডেঞ্জার জোন’-এ জলিৰ নায়ক বাস্তী চৌধুরী এবং ‘অফিসার রিটার্ন’-এর নায়ক নিরব হোসেন। এবার নতুন সিনেমা হিসেবে যোগ হলো ‘পদ্মাৰ্বতী’।